



সোনালী ব্যাংক পিএলসি

বিশ্বস্ত ও স্মার্ট



অর্থস্বর্ণ আদালত আইন-২০০৩ (সংশোধিত-২০১০) এর ৩৩(৫) ধারার বিধান মোতাবেক দখল ও ভোগের

অধিকার প্রাপ্ত বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ডিক্রীদার সোনালী ব্যাংক পিএলসি, কিশোরগঞ্জ শাখা, কিশোরগঞ্জ কর্তৃক বিজ্ঞ অর্থস্বর্ণ আদালত, কিশোরগঞ্জ এ দায়েরকৃত অর্থজারী মোকদ্দমা নং- ৫৪/২০২২ এ দায়কপক্ষ (১) শাখার স্বগৃহীতা প্রতিষ্ঠান-প্রীতি জেনারেল টোর, পক্ষে উহার মালিক- মোঃ বোরহান উদ্দীন, পিতাঃ মোঃ আঃ হাসিম, সাং- ৮০১, হারুয়া, কলেজ রোড, ডাকঘর-কিশোরগঞ্জ উপজেলাঃ কিশোরগঞ্জ জেলাঃ কিশোরগঞ্জ। অর্থস্বর্ণ মোকদ্দমা নং ৪৩/২০২০ (অর্থজারী মোকদ্দমা নং- ৫৪/২০২২) এ অর্থস্বর্ণ আদালত, কিশোরগঞ্জ কর্তৃক প্রদত্ত ডিক্রী অনুযায়ী উক্ত স্বগৃহীতা প্রতিষ্ঠান এর নিকট এর ৩১/০৮/২০২৬ তারিখ পর্যন্ত ব্যাংকের মোট পাওনা ২১,৪৩,১৪৫/- (একুশ লক্ষ তেতাল্লিশ হাজার একশত পয়তাল্লিশ মাত্র) এবং আদায়কালতক অনারোপিত সুদ ও হালজারী অন্যান্য খরচ সহ ব্যাংকের পাওনাদি আদায়ের নিমিত্ত শাখার অনুকূলে বন্ধকীকৃত নিম্ন তফসিলভুক্ত স্থাবর সম্পত্তি উল্লিখিত অর্থজারী মোকদ্দমায় অর্থস্বর্ণ আদালত আইন, ২০০৩ (সংশোধিত-২০১০) এর ৩৩(৫) ধারা মোতাবেক প্রদত্ত দখল ও ভোগের অধিকার সম্পর্কিত সনদ অনুযায়ী প্রকাশ্য নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্তাদিতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

স্থাবর সম্পত্তির তফসিল

জেলা- কিশোরগঞ্জ, থানা-কিশোরগঞ্জ সদর, মৌজা- কিশোরগঞ্জ জে.এল নং- ১৭০ (এস এ); ৩৩, (আর. এস); খতিয়ান নং: সিএস-৮০২, এস.এ-৪৯৪, আর.এস-৭৩১২; খারিজা-১৩১৫২ দাগ নং: সি.এস-৩০৬০ এস. এ-৬২১৪, আর. এস-২০৩৪৬; জমির প্রকৃতি: বাড়ি; জমির পরিমাণ: ১.০০ শতাংশ ভূমি ও তদন্বিত যাবতীয় নির্মাণাদিসহ। চৌহদ্দী-উত্তর-চান মিয়া, দক্ষিণ-রাস্তা, পূর্ব-সালমা আক্তার পশ্চিম-রাস্তা)

০১) আগামী ২২/০৯/২৬ ইং তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে দরপত্র সোনালী ব্যাংক পিএলসি, প্রিন্সিপাল অফিস, কিশোরগঞ্জ-এ রক্ষিত দরপত্র বাস্রে জমা দিতে হবে। ঐ দিনই বিকাল ৩.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাস্রে খোলা হবে। দরপত্র সরাসরি অথবা রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে সোনালী ব্যাংক পিএলসি, প্রিন্সিপাল অফিস, কিশোরগঞ্জ পৌঁছাতে হবে।

০২) দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে বন্ধকীকৃত সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করতে হবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, টেলিফোন নম্বর, মোবাইল নম্বর, জাতীয় পরিচয়পত্র নং ও সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করে জাতীয় পরিচয়পত্র এর সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে। খামের উপর স্বগৃহীতা প্রতিষ্ঠানের নাম উল্লেখপূর্বক "সম্পত্তি নিলামে ক্রয়ের দরপত্র" লিখে দাখিল করতে হবে।

০৩) দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেস্টম্যানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হল :

আর্নেস্টম্যানি/ জামানতের পরিমাণ	অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা
উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিনের মধ্যে
উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকার অধিক হতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিনের মধ্যে
উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হলে দরপত্র মূল্যের ১০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিনের মধ্যে

০৪) দাখিলকৃত দরপত্রে উল্লিখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলাম ক্রয় করতে আহবান করা হবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহৃত হইবার পর ০৩ নং অনুচ্ছেদে নির্ধারিত সময়সীমার মধ্যে) সম্পূর্ণ মূল্য পরিশোধ করবেন এবং তা করতে ব্যর্থ হলে তাহার জামানতও বাজেয়াপ্ত করা হবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সাথে সমন্বয় করা হবে।

০৫) দরপত্রে উল্লিখিত তফসিলভুক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করতে পারবেন।

০৬) দরপত্র দাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারবেন। তবে একই তফসিলভুক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হবে না।

০৭) নিলাম ক্রেতা কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে সম্পত্তি হস্তান্তর করা হবে। নিলাম ক্রেতাকে সম্পত্তির রেজিস্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করতে হবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করতে হবে।

০৮) স্বগৃহীতা/প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/মালামাল সংক্রান্ত সরকারী কর/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী/পাওনা যথা বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌরকর, ভূমিকরসহ অন্যান্য যাবতীয় বকেয়া থাকলে তাহা নিলাম ক্রেতাকে বহন করতে হবে।

০৯) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির গুণ, মান, পরিমাণ ও অবস্থা সম্পর্কে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১০) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করবার ক্ষমতা সংরক্ষণ করে।

১১) দরপত্র গৃহীত না হলে দরপত্র দাতাকে জামানতের টাকা ফেরত দেওয়া হবে।

১২) নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি/ব্যক্তিগণ বন্ধকীকৃত সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্ন প্রদত্ত কর্মকর্তার সাথে যোগাযোগ করতে পারবেন।

এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার (শাখা প্রধান)

সোনালী ব্যাংক পিএলসি

কিশোরগঞ্জ শাখা, কিশোরগঞ্জ

মোবাইলঃ ০১৭৩০৩২০১০৯